

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mole.gov.bd

বিষয়: জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মাহবুব হোসেন
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ : ১১.০৭.২০২৪ খ্রিস্টাব্দ
সময় : বেলা ০২:৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভায় অংশগ্রহণকারী এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, শূদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার স্বার্থে স্ব স্ব কর্ম-সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অতঃপর সভাপতি শূদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বেগম মোর্শেদা আক্তার, যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। শূদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ০৮-০৪-২০২৪ তারিখে অনুষ্ঠিত শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি অনুমোদন করেন।

৩। শূদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৪) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন। ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। অতঃপর শূদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫-এর (জুলাই ২০২৪-জুন, ২০২৫ পর্যন্ত) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। নৈতিকতা কমিটির সভাপতি শূদ্ধাচার চর্চা অব্যাহত রাখা এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করেন।

৪। শূদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থাকে স্ব স্ব দপ্তরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান। দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় কর্তৃক ৩১-১০-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া, ২০২৪-২৫ অর্থবছরের শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ১ম কোয়ার্টারের প্রতিবেদন প্রমাণকসহ ১৫ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে (শূদ্ধাচার সেবাবক্সে) আপলোড করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা

৫

রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.১ কার্যক্রমের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা গ্রহণ এবং নির্ধারিত ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়টিও সভাকে অবহিত করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪-এর ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৪) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়। অনুমোদিত প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড নিশ্চিত করতে হবে;

(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সে আপলোড নিশ্চিত করতে হবে;


(গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫-এর ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ঘ) মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা স্ব স্ব দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(ঙ) শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫-এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; এবং

(চ) জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.১ কার্যক্রমের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৬। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মাহবুব হোসেন
সচিব ও সভাপতি
নৈতিকতা কমিটি

